

চার দফা দাবি

জবির কর্মকর্তা-কর্মচারীদের অনির্দিষ্টকালের কর্মবিরতি

জবি প্রতিবেদন

কর্মকর্তা মাছবর প্রতিবাদসহ ৪ দফা দাবিতে আজ থেকে অনির্দিষ্টকালের কর্মবিরতি পালন করবে উপমহান বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা। বুধবার বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদের সাধারণ সভায় এ কর্মসূচির ঘোষণা দেয়া হয়। তবে নিরাপত্তা, পরিবহন, বিদ্যুৎ পানি ইত্যাদি জরুরি সেবার নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীরা এ কর্মসূচির আওতাভুক্ত থাকবে।

শর্তসিদ্ধ সূত্রে জানা যায়, বই ভাড়া বাবদ বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক শিক্ষকের জন্য ২ হাজার টাকা নির্ধারিত ছিল। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃক গত মাসে তা কমিয়ে ১২শ' টাকা নির্ধারণ করে। বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে ও অর্থ কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী চলতি মাসে অর্থ ও হিসাব বিভাগ প্রত্যেক শিক্ষককে ১২শ' টাকা করে পরিশোধ করে। টাকা কমানোর বিষয়টি নিয়ে ১১ মার্চ ফার্মেসি বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সঙ্গে অর্থ ও হিসাব বিভাগের উপপরিচালক ড. মৈয়দন আহমদের বাকবিতণ্ডা হয়। এক পর্যায়ে ড. ফিরোজ অর্থ বিভাগের উপপরিচালকের সঙ্গে অপাশীন আচরণ করেন বলে অভিযোগ পাওয়া যায়। উপপরিচালকের অভিযোগ, এই শিক্ষক তাকে গালগাল্য করেছে। এ ঘটনার পরিপ্রেক্ষিতে ওই দিন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের সংগঠনের নেতারা তাকশিকভাবে সিদ্ধান্ত নেন। বুধবার তারা ৪ দফা দাবিতে অনির্দিষ্টকালের কর্মবিরতির কর্মসূচি ঘোষণা করে।

অভিযোগ অস্বীকার করে ফার্মেসি বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফিরোজ আহমেদ বলেন, ওইদিন তিনি কর্তৃক কোন শিক্ষক অভিযুক্ত হননি বলে খিয়ে বিষয়টি জানতে চেয়েছেন। তিনি কোন ধরনের অপাশীন আচরণ করেননি। ড. ফিরোজ আরও দাবি করেন, সিন্ডিকেটে টাকা কমানোর বিষয়টি তার জানা নেই।

এমিকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অভিযোগ, বিশ্ববিদ্যালয়ে ডিম্বির পদ যাদি হওয়ার পর থেকেই কিছু কর্মকর্তা-কর্মচারী ক্যান্সাসের অস্থিতশীল পরিবেশ সৃষ্টি করার জন্য পায়তারা করেছে। শিক্ষকরা অভিযোগ করেন, উক্ত বিশ্ববিদ্যালয়ের একটি সিন্ডিকেট পুরো বিশ্ববিদ্যালয়টিকে নিয়ন্ত্রণের চেষ্টা করছে।